গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট।



স্মারক নং ঃ ০৫.৪৭.৫২৫৫.০০০.০৪.০১৪.২৫- ৯৬৯৯ তারিখঃ ২৮/১০/২০২৬ খ্রিঃ।

গাছ বিক্রয়ের কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,লালমনিরহাট সদর উপজেলাধীন মহেন্দ্রনগর ইউনিয়ন এবং কুলাঘাট ইউনিয়নের সাথে চুক্তিবদ্ধ বিবরণে উল্লেখিত লাল কালি দ্বারা নম্বর চিহ্নিত করা বনজ ও ফলদ প্রজাতির কর্তনযোগ্য (২৮টি ও ৪২টি) গাছ নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সীল মোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে। কোটেশন দরপত্র সিডিউল আগামী ১০/১১/২০২৬ খ্রিঃ বেলা ১.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে এবং একই দিন বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

* দরপত্র সিডিউল ক্রয়, দাখিল,খোলার তারিখ ও স্থান *

০১।	দরপত্র ক্রয়ের শেষ তারিখ	০৯/১১/২০২৬ খ্রিঃ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।
০২।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	১০/১১/২০২৬ খ্রিঃ বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত।
০৩।	দরপত্র ক্রয় এবং দাখিলের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট।
০৪।	দরপত্র সিডিউল মূল্য	৫০০ (পাঁচশত) টাকা
০৫।	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	১০/১১/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর ,লালমনিরহাট।

* নিলামের জন্য আহবানকৃত দরপত্রে গাছ সমুহের বর্ণনা *

ক্রমিক নং	গাছের অবস্থান ও সংখ্যা	গাছের বিবরণ	দরপত্র মূল্য
০১	লালমনিরহাট সদর উপজেলাধীন মহেন্দ্রনগর ইউনিয়নের মনোরম মৌজার অর্ন্তগত মো: আব্দুল জব্বার আলীর বাড়ির সামনে হতে পশ্চিমে পরেশের বাড়ি পর্যন্ত এবং মদন মোহন মন্দির হতে বনোমালির বাড়ি পর্যন্ত রাস্তার দুই ধারে ইউনিয়ন পরিষদের সাথে চুক্তিবদ্ধ লাল কালি দ্বারা নম্বর চিহ্নিত করা কর্তনযোগ্য ২৮টি বনজ ও ফলদ গাছ। ক্রমিক সমূহ- ০১ হতে ২৮ পর্যন্ত	বন বিভাগের প্রাক্কলন মোতাবেক	৫০০/- (পাঁচশত) টাকা।
০২	লালমনিরহাট সদর উপজেলাধীন কুলাঘাট ইউনিয়নের ০৯ নং ওয়ার্ড হাতুড়া মৌজার অর্ন্তগত আব্দুল মান্নানের বাড়ীর ব্রীজের মাথা হতে জব্বার ডাক্তারের জমির তেপতি পর্যন্ত আনুমানিক ০.৫ কি:মি: এবং মস্তাজের বাড়ির তেপতি হতে আরম্ভ করে বুড়িকুড়া ভায়া মেরারপাড় ব্রীজের মাথা পর্যন্ত আনুমানিক ২.৫ কি:মি: রাস্তায় ইউনিয়ন পরিষদের সাথে চুক্তিবদ্ধ লাল কালি দ্বারা নম্বর চিহ্নিত করা কর্তনযোগ্য ৪২টি ইউক্যালিপটাস গাছ। ক্রমিক সমূহ- ০১ হতে ৪২ পর্যন্ত	বন বিভাগের প্রাক্কলন মোতাবেক	৫০০/- (পাঁচশত) টাকা।

শর্তসমুহঃ

০১। দরপত্রে উদ্ধৃত দর অংক ও কথায় পরিস্কার ভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভাররাইটিং/ঘষামাজা গ্রহনযোগ্য হবেনা।

০২। ডাক গ্রহনকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে (যত টাকায় দর দাখিল করতে ইচ্ছুক) এ-অফিসের নির্ধারিত সিডিউলে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা এবং উদ্ধৃত দরের ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ যে কোন তপশিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার লালমনিরহাট সদর,লালমনিরহাট এর অনুকুলে দাখিল করতে হবে।

০৩। সর্বোচ্চ দর দাখিলকারীর দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে গাছ অপসারণ পত্র/কার্যাদেশ প্রদান করা হবে। গাছ অপসারণ কালীন বনজ দ্রব্যপরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০১ অনুসরণ করতে হবে। মাটি থেকে ৩" উপরে গাছ কর্তন করতে হবে। গাছ কর্তনের পর উক্ত গাছের নম্বর কাটা অংশে লাগিয়ে গাছের স্থান থেকে সরাতে হবে।

০৪। গাছ অপসারণের সময়ে রাস্তার কোন প্রকার ক্ষতি বা গর্ত হলে নিজ খরচে পূরণ করে দিতে হবে। অন্যথায় জামানত হতে কর্তন করে রাস্তা মেরামত করা হবে।

চলমান পাতা

CamScanner

০৫। গাছ অপসারণের পূর্বে উদ্ধৃত দরের উপর ১০% জামানত হিসাবে জমা দিতে হবে। যথাযথভাবে গাছ অপসারণের পরে জামানত ফেরত প্রদান করা হবে। তবে রাস্তার কোন প্রকার ক্ষতি, যানবাহন ও জনসাধারণ চলাচলে বিঘ্নসৃষ্টি করা যাবে না।

০৬। নিলাম ডাকে অংশগ্রহনকারী আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে দরপত্র দাখিল করার পূর্বে সরেজমিনে গাছ দেখে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

০৭। নিলামকারী কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন কিংবা বাতিল করে পুনঃ কোটেশনের ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/১০/২৬

(মনোনীতা দাস)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর,লালমনিরহাট।
unolalmonirhat@mopa.gov.bd

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য ঃ-

১। জেলা প্রশাসক, লালমনিরহাট
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
৩। সহকারী কমিশনার (ভূমি), লালমনিরহাট সদর, লালমনিরহাট
৪। ....সদস্য , অত্র কমিটি
৫। চেয়ারম্যান,মহেন্দ্রনগর/কুলাঘাট ইউনিয়ন পরিষদ, লালমনিরহাট সদর, লালমনিরহাট
৬। মেসার্স/জনাব.....
৭। অফিস কপি

২৮/১০/২৬

সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ)
লালমনিরহাট সদর,লালমনিরহাট।

CamScanner